নম্বর 202.61

নির্বাহী আদেশ

আইনের সাময়িক স্থগিতাদেশ এবং পরিবর্তন অব্যাহত রাখা
সাময়িক স্থগিতাদেশ ও পরিবর্তন অব্যাহত রাখা

যেখানে, 7 মার্চ 2020 তারিখে আমি – স্টেটের সর্বত্র সমস্ত কাউন্টিগুলিতে স্টেটের দুর্যোগকালীন জরুরি অবস্থার কথা ঘোষণা করে নির্বাহী আদেশ নম্বর 202 জারি করি;

যেখানে, COVID-19 এর ভ্রমণ সংশ্লিষ্ট ঘটনা এবং সম্প্রদায়ের সংস্পর্শজনিত সংক্রমণ, উভয়ই নিউ ইয়র্ক স্টেটে নথিবদ্ধ করা হয়েছে এবং তা আরো চলতে পারে বলে প্রত্যাশা করা হচ্ছে;

উপরন্তু এখনই, গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো নিউ ইয়র্ক স্টেটের গর্ভনর যেকোনো সংস্থার কোনো আইন, স্থানীয় আইন, অধ্যাদেশ, আদেশ, বিধি বা নিয়ন্ত্রণ, অথবা এর অংশগুলির সাময়িকভাবে স্থগিত বা সংশোধন করার জন্য স্টেটের দুর্যোগপূর্ণ জরুরি অবস্থা, যদি এই জাতীয় আইন, স্থানীয় আইন, অধ্যাদেশ, আদেশ, বিধি বা আইন মেনে চলা দুর্যোগের জরুরি অবস্থা মোকাবেলায় প্রয়োজনীয় পদক্ষেপকে বাধা দেয় বা বিলম্ব করে বা এই জাতীয় দুর্যোগ মোকাবেলায় সাহায্য বা সহায়তা করার প্রয়োজন হয়, তবে আমি কার্যনির্বাহী আইনের ধারা 29-a এর অনুচ্ছেদ 2-B অনুযায়ী আমার উপর ন্যস্ত ক্ষমতাবলে, 09 অক্টোবর 2020 পর্যন্ত নিম্নোক্ত আইনগুলি সাময়িকভাবে স্থগিত করছি:

- জনস্বাস্থ্য আইনের (Public Health Law) সেকশন 579 এর সাবডিভিশন 1 সেই পরিসর পর্যন্ত পরিবর্তিত যা প্রয়োজন COVID-19 এবং ইনফ্লুয়েঞ্জা পরীক্ষার ফলাফল অবিলম্বে রিপোর্ট করা বাধ্যতামূলক করে (3 ঘন্টার বেশি নয়) অতিরিক্ত ক্লিনিকাল ল্যাবরেটরির দ্বারা, যার মধ্যে লাইসেন্সকৃত চিকিৎসক, ওস্টিওপ্যাথ, দন্ত চিকিৎসক, ধাত্রি, নার্স প্র্যাক্টিশনার বা ওপ্টমেট্রিস্টদের দ্বারা পরিচালিত ক্লিনিকাল ল্যাবরেটরিগুলি অন্তর্ভুক্ত যারা ফুড অ্যান্ড ড্রাগ অ্যাডমিনিস্ট্রেশন (Food and Drug Administration, FDA) অথবা স্বাস্থ্য বিভাগ (Department of Health) দ্বারা অনুমোদিত একটি পয়েন্ট অফ কেয়ার COVID-19 পরীক্ষা করানোর জন্য এবং স্বাস্থ্য বিভাগের কাছে একটি ফিজিসিয়ান অফিস ল্যাবরেটরি হিসেবে নিবন্ধিত, জনস্বাস্থ্য আইনের সেকশন 576-c NYCRR এর টাইটেল 10 এর সেকশন 58-1.14 অনুযায়ী; এই অতিরিক্ত শর্তে যে যেহেতু এটি COVID-19 পরীক্ষার সাথে সম্পর্কিত, নিচের নির্দেশিকা অনুযায়ী প্রয়োজন স্কুলের উপস্থিতি এবং কর্মসংস্থান সম্পর্কিত তথ্য সহ।

উপরন্তু, দুর্যোগ মোকাবেলা করার জন্য প্রয়োজনীয় দুর্যোগকালীন জরুরি সময় কোনো নির্দেশ জারি করার জন্য নির্বাহী আইনের (Executive Law) আর্টিকেল 2-B এর সেকশন 29-a অনুযায়ী আমার উপর ন্যস্ত কতৃত্বের দ্বারা, আমি এতদ্বারা নিম্নলিখিত নির্দেশগুলি ইস্যু করছি যা 09 অক্টোবর 2020 পর্যন্ত কার্যকর থাকবে:

- COVID-19 বা ইনফ্লুয়েঞ্জার জন্য ডিপার্টমেন্ট অফ হেল্থ ফিজিশিয়ান অফিস ল্যাবরেটরি ইভ্যালুয়েশন প্রোগ্রাম (Department of Health Physician Office Laboratory Evaluation Program) কর্তৃক অনুমোদিত প্রত্যেক লাইসেন্সপ্রাপ্ত পেশাজীবী যারা COVID-19 বা ইনফ্লুয়েঞ্জার পরীক্ষা করাতে অনুমোদিত, এককভাবে বা অন্যান্য পরীক্ষার সাথে, তারা সেই সকল পরীক্ষার ফলাফল অবিলম্বে জানাবে (3 ঘন্টার বেশি নয়) স্বাস্থ্য বিভাগকে ইলেকট্রনিক ক্লিনিক্যাল ল্যাবরেটরি রিপোর্টিং সিস্টেমের (Electronic Clinical Laboratory Reporting System, ECLRS) মাধ্যমে যখন একটি ফলাফল পাওয়া যাবে।

- এছাড়াও প্রদান করা হয়েছে যে COVID-19 পরীক্ষার জন্য অনুমোদিত প্রত্যেক পেশাদার এই ধরনের নমুনা সংগ্রহ করবেন না বা এই ধরনের পরীক্ষা পরিচালনা করবেন না, সেই ব্যক্তি স্কুলে যায় কি না, এবং যদি যায়, কোথায় সেই ব্যক্তি স্কুলে উপস্থিত হয়, এবং সেই ডেটা ECLRS এ রিপোর্ট করবে; এবং কর্মনিয়োগের স্থান, এবং সেই ব্যক্তি একটি এলিমেন্টারি, সেকন্ডারি বা পোস্ট সেকন্ডারি স্কুলে কাজ বা স্বেচ্ছাসেবা প্রদান করেন কি না, এবং যদি তাই হয়, তাহলে এই ধরনের ডেটা ECLRS কে জানাবেন।
- উপরন্তু, COVID-19 পরীক্ষার জন্য অনুমোদিত প্রত্যেক পেশাদার ব্যক্তির স্থানীয় ঠিকানা জিজ্ঞাসা না করে এই ধরনের নমুনা গ্রহণ বা পরীক্ষা পরিচালনা করবেন না, যদি সেই ঠিকানা ব্যক্তির স্থায়ী ঠিকানার থেকে ভিন্ন হয়, এবং সেই স্থানীয় ঠিকানা অবশ্যই ECLRS এর কাছে জানাতে হবে।

- নিউ ইয়র্ক রাজ্যের প্রতিটি লাইসেন্সপ্রাপ্ত গবেষণাগারে, COVID-19 পরীক্ষার জন্য যে কোন নমুনা প্রক্রিয়াকরণের আগে, এককভাবে অথবা অন্য কোন সংক্রামক রোগের জন্য পরীক্ষার সাথে, স্কুলে উপস্থিতি বা প্রাপ্তবয়স্কদের ক্ষেত্রে কাজের জায়গা বা স্বেচ্ছাসেবার জায়গা সংক্রান্ত তথ্য সেই ল্যাবরেটরিতে পাঠাতে হবে নমুনার সাথে। এই ধরনের তথ্য অবশ্যই ECLRS এর মাধ্যমে স্টেট ডিপার্টমেন্ট অফ হেল্থকে জানাতে হবে।

- সকল COVID-19 পরীক্ষা এবং রোগ নির্ণয়, যে কোন ব্যক্তি জন্য, যিনি একজন ছাত্র, শিক্ষক এবং অন্য কোন ব্যক্তি যিনি একজন স্কুলের কর্মচারী বা স্বেচ্ছাসেবী উচ্চ ও নিম্ন শিক্ষা প্রতিষ্ঠান এবং জেলার জন্য, তার সম্পর্কে নিউ ইয়র্ক রাজ্যের প্রতিটি স্থানীয় স্বাস্থ্য বিভাগ প্রতিদিন স্বাস্থ্য দপ্তরের কাছে দৈনিক ভিত্তিতে রিপোর্ট করবে, এমন আকার এবং পদ্ধতিতে যা স্বাস্থ্য বিভাগ নির্ধারন করবে। এই ধরনের দৈনিক প্রতিবেদনে অন্য যে কোন তথ্য উপাদান অন্তর্ভুক্ত করা হবে যা স্বাস্থ্য কমিশনার উপযুক্ত বলে নির্ধারন করবেন উচ্চ ও নিম্ন শিক্ষা প্রতিষ্ঠান, স্কুল এবং স্কুল জেলার মধ্যে COVID-19 এর প্রাদুর্ভাব ট্র্যাক করার জন্য।

- প্রতিটি স্কুল এবং স্কুল জেলা প্রতিদিন স্বাস্থ্য দপ্তরের কাছে রিপোর্ট করবে দৈনিক ভিত্তিতে, এমন আকার বা পদ্ধতিতে যা বিভাগ নির্ধারণ করবে, সেই সকল COVID-19 পরীক্ষা এবং রোগ নির্ণয় যা শিক্ষার্থী, শিক্ষক এবং অন্য যে কোন কর্মচারী বা স্বেচ্ছাসেবকদের মধ্যে পরিচালিত হবে। এই ধরনের দৈনিক প্রতিবেদনে অন্য যে কোন তথ্য উপাদান অন্তর্ভুক্ত করা হবে যা স্বাস্থ্য কমিশনার এই ধরনের স্কুল এবং স্কুল জেলার মধ্যে COVID-19 এর প্রাদুর্ভাব ট্র্যাক করার জন্য যথাযথ বলে নির্ধারণ করবেন।

- প্রতিটি উচ্চশিক্ষা প্রতিষ্ঠান, কমিউনিটি এবং জুনিয়র কলেজ, বিশ্ববিদ্যালয়, স্নাতক এবং পেশাদারী বিদ্যালয়, চিকিৎসা বিদ্যালয়, এবং কারিগরি বিদ্যালয়, কিন্তু তাতেই সীমিত নয়, প্রতিদিন স্বাস্থ্য বিভাগকে রিপোর্ট করবে, এমন আকারে এবং পদ্ধতিতে যা বিভাগ নির্ধারন করবে, ক্যাম্পাসে থাকা শিক্ষার্থী, শিক্ষক, এবং অন্য কোন কর্মচারী বা স্বেচ্ছাসেবকদের সকল COVID-19 পরীক্ষা এবং নির্ণয় সম্পর্কে। এই ধরনের দৈনিক প্রতিবেদনে অন্য যে কোন তথ্য উপাদান অন্তর্ভুক্ত করা হবে যা স্বাস্থ্য কমিশনার এই ধরনের উচ্চশিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে COVID-19 এর প্রাদুর্ভাব ট্র্যাক করার জন্য যথাযথ বলে নির্ধারণ করেন, এবং আরো প্রয়োজনীয় করে যে, একটি প্রতিষ্ঠান 100টি ইতিবাচক ফলাফলে পৌঁছানোর পর স্বাস্থ্য বিভাগকে অতিরিক্ত বিজ্ঞপ্তি প্রদান করতে হবে।

- যে কোন নির্দেশিকা, সংশোধন বা স্থগিতাদেশ যে কোন COVID-19 পরীক্ষা পরিচালনা বা প্রক্রিয়া করার জন্য জারি করা যে কোন FDA অনুমোদিত পদ্ধতিতে অন্য যে কোন সংক্রামক রোগের সাথে COVID-19 পরীক্ষা করার জন্য প্রযোজ্য হবে।

- সব নির্বাচন বোর্ডকে একটি পরিকল্পনা প্রণয়ন করতে হবে যাতে নিবন্ধিত ভোটাররা একটি সম্পূর্ণ করা অ্যাবসেন্টি ব্যালট ফেলে আসতে পারেন একটি নির্বাচন বোর্ডে, আর্লি ভোটিং অবস্থানে, বা নির্বাচনের দিনের ভোটিং অবস্থানে, যাতে ভোটারদের সশরীরে ভোট প্রদানকারীদের সাথে লাইনে অপেক্ষা করতে না হয়, যা সশরীরে ভোটের সময়ের বিলম্ব এড়াতে এবং স্পর্শবিহীন ভোটের ব্যবস্থা সম্প্রসারিত করবে। পরিকল্পনা অবশ্যই 21 সেপ্টেম্বর, 2020 এর মধ্যে স্টেট নির্বাচন বোর্ডের কাছে জমা দিতে হবে এবং জমা দেওয়ার সময় কাউন্টি বোর্ড অফ ইলেকশন অফিস এবং তাদের ওয়েবসাইটে জনসম্মুখে উপলভ্য করতে হবে।

- 2020 সালের আইনের অধ্যায় 91 এবং অধ্যায় 138 এবং/অথবা নির্বাহী আদেশ 202.58-এর বিধান অনুযায়ী জারিকৃত যেকোনো অনুপস্থিত ব্যালটের জন্য, যেই ক্ষেত্রে ভোটারদের কাগজের আবেদন ফেরত দিতে হবে না কারণ ভোটার চিঠি, ইমেইল, অনুলিপি, ফোন, ইন্টারনেট বা বৈদ্যুতিক মাধ্যমে অনুপস্থিত ব্যালটের জন্য আবেদন করেছেন, নির্বাচন বোর্ড এই ধরনের ভোটারদের ব্যালটের সাথে একটি কাগজের অনুপস্থিত ব্যালটের আবেদন পাঠাবে না, এবং এই ধরনের ভোটারদের ব্যালট পাওয়ার আগে বা পাওয়ার সময় একটি কাগজের আবেদন সম্পন্ন করতে হবে না।

- নির্বাহী আদেশ 202.48-এর নির্দেশিকা, যা নির্বাহী আদেশ 202.41-এর অন্তর্ভুক্ত নির্দেশিকাটি সংশোধন করেছে, যেটি নিউ ইয়র্ক শহরের তৃতীয় পর্যায়ের অংশ হিসেবে অভ্যন্তরীণ খাদ্য পরিষেবা এবং ডাইনিং নিষিদ্ধ করেছিল, এতদ্বারা সংশোধিত করা হয়, যাতে 30 সেপ্টেম্বর, 2020 থেকে নিউ ইয়র্ক শহরে

অভ্যন্তরীণ খাদ্য পরিষেবা এবং ডাইনিং এর অনুমতি প্রদান করা হবে, যতক্ষণ স্বাস্থ্য বিভাগ (Department of Health) এবং প্রযোজ্য অন্য কোনো রাজ্য দ্বারা জারিকৃত নির্দেশিকা কঠোরভাবে মেনে চলা হয়।

আমার স্বহস্তে প্রদত্ত এবং অ্যালবেনি শহরে স্টেটের নিজস্ব সিলমোহরসহ দুই হাজার বিশ সালের সেপ্টেম্বর মাসের নবম দিনে এটি প্রদান করা হলো।

গভর্নর কর্তৃক

গভর্নরের সচিব